

মাধ্যমিক ও উচ্চ শিক্ষাসংক্রান্ত স্থায়ীকমিটির সভার কার্যবিবরণী-০৭

সভাপতি : মোঃ আসাদুজ্জামান, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর
 স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
 তারিখ : ২২/০১/২০২২খ্রিঃ
 সময় : বেলা ৩.০০ ঘটিকা


উপস্থিত সদস্যগণের নামের তালিকা ক্রমানুসারে পরিশিষ্ট 'ক'তে সংযুক্ত :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানান।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভার আলোচ্য সূচি মোতাবেক বিষয়গুলো পর্যায়ক্রমে উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্তগ্রহন	বাস্তবায়নকারী/অগ্রায়নকারী
১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ প্রসঙ্গে	বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন, সংযোজন ও পরিমার্জন সংক্রান্ত প্রস্তাবনা থাকায় উহা দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	স্থায়ী কমিটির সভাপতি
২। কোভিড-১৯ প্রতিরোধ কল্পে ব্যবস্থা গ্রহণ	২১ জানুয়ারী ২০২২ থেকে ০৬ ফেব্রুয়ারী ২০২২ পর্যন্ত সকল স্কুল, কলেজ ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে। শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষা বজায় রাখার জন্য মাস্ক ও হেল্ড সেনিটাইজার সরবরাহ করা জরুরী। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	শিক্ষার্থীদের মাঝে মাস্ক ও হেল্ড সেনিটাইজার সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
৩। শিক্ষা প্রতিষ্ঠানে পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির জন্য সাগম্রী বিতরণ	শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখা দরকার। বেশিরভাগ প্রতিষ্ঠানে পরিচ্ছন্নতাকর্মী না থাকায় এবং তহবিল সংকট থাকায় পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় থাকছে না।	নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখার জন্য (হারপিক, টয়লেট পেপার, ঝাড়ু, টয়লেট ব্রাশ) ইত্যাদি সামগ্রী ক্রয় করার জন্য আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
৪। টিকা প্রদান সংক্রান্ত	কাপাসিয়া উপজেলার কলেজ পর্যায়ে ৩৬২৪জন শিক্ষার্থী ১ম ও ২য় ডোজ ফাইজারের টিকা গ্রহন করেছে। স্কুল মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠান ও কিডার গার্টেন এ ১২+ বয়সের ৪৮২৬ জন শিক্ষার্থীকে টিকা প্রদান করা হয়েছে। মোট আটটি প্রতিষ্ঠানে ইউনিয়ন ভিত্তিক এসি সংযোগ দেয়া হয়েছে। আরও দুইটি ইউনিয়নে দুইটি প্রতিষ্ঠানে এসি সংযোগ স্থাপনের প্রক্রিয়া চলছে। উল্লেখ্য যে টিকা পরিবহনের জন্য কোন বরাদ্দ পাওয়া যায় নাই।	২য় ডোজ টিকা গ্রহন সম্পন্ন করার জন্য সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। উক্ত বিষয়ে প্রয়োজনবোধে উপজেলা পরিষদের সহায়তা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হয়। শিক্ষার্থী শিক্ষকদের শতভাগ টিকার আওতায় আনার জন্য পরামর্শ দেয়া হয় এজন্য উদ্বুদ্ধকরণ কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ/প্রতিষ্ঠান প্রধান/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
৫। স্কাউট আন্দোলন জোরদার করণ	শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়েছে। আগ্রহী শিক্ষকদের দ্বারা স্কাউট আন্দোলন জোরদার করার জন্য ইউনিয়ন পর্যায়ে সভা আনুষ্ঠান করা যেতে পারে।	ইউনিয়ন পর্যায়ের শিক্ষকদের নিয়ে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস/প্রতিষ্ঠান প্রধান

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২২/০১/২০২২

(মোঃ আবদুস সালাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষাসংক্রান্ত স্থায়ী কমিটি
কাপাসিয়া, গাজীপুর


২২/০১/২০২২

(মোঃ আসাদুজ্জামান)
ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষাসংক্রান্ত স্থায়ী কমিটি
কাপাসিয়া, গাজীপুর